গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি: মোঃ মাহমুদুল হোসাইন খান, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।

সময়: ১৩ মার্চ ২০২৩ দুপুর ০২:০০ ঘটিকা।

স্থান: মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-১০০৫, সরকারি পরিবহন পুল ভবন)।

**সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, বাংলাদেশ সিআরভিএস-এর সকল কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সমন্বয় করা হয় যেখানে বিভিন্ন দপ্তর সংস্থা কর্তৃক সিআরভিএস-এর বিভিন্ন উপাদান বাস্তবায়ন করা হয়। সিআরভিএস-এর কর্মকান্ড বাস্তবায়নে বিভিন্ন/দপ্তর/সংস্থাসমূহ আরও আন্তরিকতার সঙ্গে কাজ করবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়)-কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব সিআরভিএস অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপসচিব (সিআরভিএস) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে, গত ১০ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী গত ২৩ জানুয়ারি ২০২৩ তারিখ সদস্যগণ বরাবর প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকালে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত: ২.১।** সিআরভিএস বাস্তবায়ন কমিটির গত ১০ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**০৩। আলোচ্যসূচি-০২: সিআরভিএস সংক্রান্ত বাস্তবায়ন কমিটির গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্রম: | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১। | **সিদ্ধান্ত ৫.১:** এনআইডি সিস্টেমে জন্ম ও মৃত্যু নিবন্ধনে ব্যবহৃত ইউনিক আইডি-এর সঙ্গে Birth Registration Number (BRN)-এর Synchronization করার জন্য আগামী ১৫ দিনের মধ্যে রেজিস্ট্রার, জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করবে:<br><br>**ক)** বর্তমান সময় পর্যন্ত যত সংখ্যক ব্যক্তির জন্ম নিবন্ধনে ইউনিক আইডি ব্যবহার এবং প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীদের প্রদান করা হয়েছে তাদের সকলের Birth Registration Number (BRN)-সহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য BDRIS সিস্টেম থেকে Application Programming Interface (API) অথবা অন্য কোন মাধ্যমে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের এনআইডি সিস্টেমে প্রেরণ করবে। | **৫.১ (ক):** ১০/০১/২০২৩ তারিখ পর্যন্ত যত সংখ্যক ব্যক্তির জন্ম নিবন্ধনে ইউনিক আইডি ব্যবহার এবং প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের শিক্ষার্থীদের প্রদান করা হয়েছে তাদের সকলের Birth Registration Number (BRN)-সহ অন্যান্য প্রয়োজনীয় তথ্য BDRIS সিস্টেম থেকে "CSV format"-এ জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের এনআইডি সিস্টেমে প্রেরণ করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| | **খ)** এনআইডি সিস্টেম থেকে প্রাপ্ত ব্যক্তি/শিশু/শিক্ষার্থীদের বাবা-মায়ের এনআইডি নম্বরসহ অন্যান্য তথ্য API অথবা অন্য কোন মাধ্যমে BDRIS সিস্টেমে সংরক্ষণ করবে। | (খ) এনআইডি সিস্টেম থেকে প্রাপ্ত ব্যক্তি/শিশু/শিক্ষার্থীদের বাবা-মায়ের এনআইডি নম্বর অন্যান্য তথ্য BDRIS সিস্টেমে সংরক্ষণ করা হচ্ছে। |
| | **গ)** এনআইডি সিস্টেম থেকে নতুন ইউনিক আইডি নেওয়ার সময় অবশ্যই ব্যক্তি/শিশু/শিক্ষার্থীদের Birth Registration Number (BRN) API-এর মাধ্যমে তাদের সিস্টেমে প্রেরণ করবে। | (গ) এনআইডি সিস্টেম থেকে নতুন ইউনিক আইডি নেওয়ার সময় অবশ্যই ব্যক্তি/শিশু/শিক্ষার্থীদের Birth Registration Number (BRN) যে API-এর মাধ্যমে NID এর সিস্টেমে প্রেরণ করা হবে সে API-এর ডেভেলপমেন্ট কাজ চলমান আছে। |
| | **সিদ্ধান্ত: ৫.২ (খ) )** BDRIS সিস্টেম এনআইডি সিস্টেম হতে প্রাপ্ত BRN-এর সঠিকতা যাচাই করে BDRIS সিস্টেমে সংরক্ষণের ব্যবস্থা করবে। | **৫.২ (খ):** BDRIS সিস্টেম এনআইডি সিস্টেম হতে প্রাপ্ত BRN-এর সঠিকতা যাচাই করে BDRIS সিস্টেমে সংরক্ষণের ব্যবস্থা আছে। উল্লেখ্য, গত ১৯/০১/২০২৩ তারিখ BDRIS থেকে যে ফরমেট (CSV) জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের এনআইডি সিস্টেমে প্রেরণ করা হয়েছে সে ফরমেটে নাগরিকের এনআইডি/ইউনিক আইডি-এর সঙ্গে যাদের BRN সংরক্ষিত আছে তাদের BRN সহ প্রয়োজনীয় তথ্য জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ NID এর সিস্টেম হতে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে। |
| ২। | **সিদ্ধান্ত ৫.২:** এনআইডি সিস্টেমে নাগরিকের এনআইডি/ইউনিক-এর সঙ্গে যাদের BRN সংরক্ষিত আছে তাদের তথ্যের Synchronization-এর জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করবে:<br>**ক)** এনআইডি সিস্টেমে নাগরিকের এনআইডি/ইউনিক আইডি-এর সঙ্গে যাদের BRN সংরক্ষিত আছে তাদের BRN-সহ প্রয়োজনীয় তথ্য জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ তাদের সিস্টেম হতে API-এর মাধ্যমে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের BDRIS সিস্টেমে প্রেরণ করবে।<br>**গ)** বর্ণিত সমস্যা সমাধানের জন্য একটি স্ট্যান্ডার্ড API তৈরিতে মি: সাব্বির মাহবুব, আইটি কনসালট্যান্ট, এটুআই প্রয়োজনীয় সহযোগিতা করবেন। | **৫.২ (ক):** "NID ডাটাবেইজে রক্ষিত Birth Registration Number (BRN) যাচাইকৃত নয় বিধায় BRN অন্য কোন প্রতিষ্ঠানকে যাচাই করতে দেয়া হয় না। তথাপি মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক Office of the Register general (ORG)-কে NID যাচাইয়ের জন্য প্রদত্ত API এর মাধ্যমে বিদ্যমান অন্যান্য তথ্যের সাথে BRN যাচাইয়ের সুযোগ দেয়া যায়। এক্ষেত্রে ORG নির্বাচন কমিশনের সাথে NID যাচাই বিষয়ক বিদ্যমান চুক্তিতে "জন্ম সনদ নম্বর" সংক্রান্ত একটি অতিরিক্ত field সংযোজন করার নিমিত্ত অনুরোধ করলে এনআইডি কর্তৃকপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৩। | **সিদ্ধান্ত:৫.৩।**<br>**(ক)** Establishing Digital Connectivity (EDC) প্রকল্পের মাধ্যমে বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত 'বন্ধন' নামে তৈরিকৃত সফটওয়্যার গ্রহণের বিষয়টি ডিও লেটারের মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ আইন ও বিচার বিভাগকে অবহিত করবে। | **৫.৩: (ক):** মাননীয় আইসিটি প্রতিমন্ত্রী মহোদয়ের মাধ্যমে একটি ডিও লেটার মাননীয় আইনমন্ত্রী মহোদয়ের বরাবর প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। |
| | **(খ)** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং আইন ও বিচার বিভাগের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে তা হস্তান্তরের বিষয়ে বর্ণিত দুই বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৫.৩: (খ)** সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে সমন্বয় চলমান রয়েছে বলে সভায় অবহিত করা হয়। |

| | | |
|---|---|---|
| | **(গ)** উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের পূর্বে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের নিয়ে মন্ত্রিপরিষদ বিভাগে একটি কর্মশালা আয়োজনের বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের Establishing Digital Connectivity (EDC) প্রকল্প প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | **৫.৩: (গ)** আইসিটি বিভাগের প্রতিনিধি জানান যে আগামী ১৫ দিনের মধ্যে কর্মশালাটি আয়োজন করা সম্ভব হবে। |

**০৪। আলোচ্যসূচি-০৩। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা:**

এনআইডি সিস্টেমে নাগরিকের এনআইডি/ইউনিক আইডি এর সঙ্গে যাদের BRN সংরক্ষিত আছে তা যাচাই এর জন্য রেজিস্ট্রার জেনারেল জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকটিতে "জন্ম সনদ নম্বর" হিসেবে একটি নতুন ফিল্ড সংযোজন করার লক্ষ্যে সংশ্লিষ্ট দুই দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয় চলতি সপ্তাহে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়টি আপডেট করা হবে।

রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় কর্তৃক এ পর্যন্ত যত সংখ্যক ইউনিক আইডি প্রদান করা হয়েছে তাদের সকলের জন্মের তথ্য BDRIS সিস্টেম থেকে Application programming Interface (API) এর মাধ্যমে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের এনআইডি সিস্টেমে প্রেরণ করার নিমিত্ত ডেভলাপারগণ API তৈরির জন্য কাজ করছে। সভায় জানানো হয় API এর ডেভলাপমেন্টের কাজ সম্পন্ন হয়ে গেলে UID প্রদানের ক্ষেত্রে ব্যানবেইস এবং ডিপিই-এর ইউনিক আইডি প্রাপ্তি সংক্রান্ত সমস্যার সমাধান করা সম্ভব হবে।

এনআইডি সিস্টেমে নাগরিকের এনআইডি/ইউনিক আইডি-এর সঙ্গে যাদের BRN সংরক্ষিত আছে তাদের BRN-সহ অন্যান্য তথ্য এনআইডি সিস্টেম হতে BDRIS সিস্টেমে প্রেরণের নিমিত্ত একটি স্ট্যান্ডার্ড API তৈরি করতে হবে। সংশ্লিষ্ট দপ্তরসমূহের Technical person-দের সমন্বয়ে আগামী ১৫ দিনের মধ্যে সভা করে বর্ণিত API সংক্রান্ত জটিলতা সমাধান করার বিষয়ে সভার সকল সদস্য একমত পোষণ করেন। সভাটি আয়োজনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বলে সভায় মতামত ব্যক্ত করা হয়।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের Establishing Digital Connectivity (EDC) প্রকল্পের মাধ্যমে বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত "বন্ধন" নামে একটি সফটওয়্যার তৈরি হয়েছে এবং ইতিমধ্যে সফটওয়্যারটি ডেমোও দেখানো হয়েছে। আইন ও বিচার বিভাগ কর্তৃক জানানো হয় বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত একটি প্রকল্প অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। অনলাইন ম্যারেজ এবং ডির্ভোস-এর কার্যক্রম ত্বরান্বিতকরণের নিমিত্ত আইন মন্ত্রণালয় থেকে যে প্রকল্পটি নেওয়া হচ্ছে সেটি অনুমোদনের সময় যেন বর্ণিত সফটওয়্যার ডেভেলপ করার জন্য বরাদ্দ না রাখা হয় সেই বিষয়ে সভায় আলোচনা করা হয়। বিবাহ ও তালাক ম্যানেজমেন্ট সিস্টেম "বন্ধন" সফটওয়্যারটি বাস্তবায়নের লক্ষ্যে আইসিটি প্রতিমন্ত্রী মহোদয়ের মাধ্যমে একটি ডিও লেটার আইন মন্ত্রী বরাবর পাঠানো হয়েছে এবং ২/১ দিনের মধ্যেই আইসিটি সচিব মহোদয় কর্তৃক আরেকটি ডিও লেটার আইন মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে পাঠানো হবে মর্মে আইসিটি বিভাগের প্রতিনিধি সভাকে জানান।

আলোচনায় অংশগ্রহণ করে এমআইএস স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি জানান EPI এর ক্ষেত্রে জন্ম এবং মৃত্যু-এর নোটিফিকেশন Open-SRP-এর মাধ্যমে BDRIS-এ প্রেরণ করা হবে। EPI-এর ডিজিটাল কার্যক্রম স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক মৌলভীবাজার এবং ঢাকা সাউথ সিটি কর্পোরেশনে পাইলটিং চলমান রয়েছে। বর্ণিত পাইলটিং সম্পন্ন হওয়ার পর EPI কার্যক্রমের সময় Open-SRP-এর মাধ্যমে জন্ম নিবন্ধনের নোটিফিকেশন BDRIS-এ প্রেরণের বিষয়টি সারাদেশে scale-up করা সম্ভব হবে বলে সভায় স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি আশাবাদ ব্যক্ত করেন।

সিআরভিএস-এর কান্ট্রিকোর্ডিনেটর জানান যে সারাদেশে প্রতি বছর ৪০ লক্ষ জন্ম নিবন্ধন ফর্ম এর প্রয়োজনীয়তা রয়েছে । নিবন্ধনের প্রতি গুরুত্ব রেখে আগামী ২০২৪ সাল পর্যন্ত জন্ম নিবন্ধন ফর্মটি টিকা কেন্দ্রসহ সংশ্লিষ্ট সকলের নিকট সহজলভ্য করা প্রয়োজন। বর্ণিত বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়।

ইউনিক আইডি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ব্যানবেইস প্রতিনিধি জানান, এখন পর্যন্ত ১ কোটি ১ লক্ষ স্টুডেন্ট এর ডাটা তাদের সিস্টেমে এন্ট্রি করা হয়েছে। এর মধ্যে UID প্রদান করা হয়েছে ৫৯ লক্ষ ৫ হাজার এবং ১৮ বছর পূর্ণ হয়েছে এমন শিক্ষার্থী আছে ১৫ লক্ষ ৪৬ হাজার যাদের UID পাওয়া যায়নি। বাংলা এবং ইংরেজি নামের সমস্যার জন্য ২৫ লক্ষ ২৫ হাজার UID পেন্ডিং রয়েছে। নতুন API ডেভলাপ করা হলে উক্ত বিষয়টি সমাধান করা সম্ভব বলে রেজিস্ট্রার জেনারেল, জন্ম মৃত্যু নিবন্ধন কার্যালয়ের প্রতিনিধি সভাকে অবহিত করেন।

**০৫। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

**সিদ্ধান্ত: ৫.১।** "এনআইডি সিস্টেম এবং BDRIS সিস্টেম-এর মধ্যে তথ্য আদান প্রদানের জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং নির্বাচন কমিশনের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকে "জন্ম সনদ নম্বর" হিসেবে একটি অতিরিক্ত নতুন field সংযোজন করার নিমিত্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।

**সিদ্ধান্ত: ৫.২।** এনআইডি সিস্টেম থেকে BDRIS সিস্টেমে ইউনিক আইডি আদান প্রদানের নিমিত্ত একটি Application Programming Interface (API) ডেভলাপ-এর কার্যক্রম দ্রুত সম্পন্নকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা দুইটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।

**সিদ্ধান্ত: ৫.৩।** এনআইডি সিস্টেম, BDRIS সিস্টেম, ব্যনবেইস, ডিপিই এবং স্বাস্থ্যের সিস্টেমের মধ্যে ইন্টিগ্রেশন এবং ইন্টারপারেবিলিটি স্থাপনসহ সৃষ্ট সমস্যাগুলোর সমাধানের নিমিত্ত একটি স্ট্যান্ডার্ড API তৈরির বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের Technical person-দের সমন্বয়ে আগামী ১৫ দিনের মধ্যে সভা করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৫.৪।** Establishing Digital Connectivity (EDC) প্রকল্পের মাধ্যমে বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত "বন্ধন" নামে সফটওয়্যার তৈরি করা হয়েছে বিধায় আইন ও বিচার বিভাগ কর্তৃক যে প্রকল্পটি নেওয়া হচ্ছে সেই প্রকল্প অনুমোদনের সময় বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত সফটওয়্যার তৈরি খাতে বরাদ্দ না রাখার বিষয়ে আইন ও বিচার বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৫.৫।** EPI-এর সিস্টেম থেকে Open-SRP এর মাধ্যমে জন্ম নিবন্ধনের নোটিফিকেশন কার্যক্রম সারাদেশে Scale-Up করার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত: ৫.৬।** আগামী ২০২৪ সাল পর্যন্ত জন্ম নিবন্ধন ফর্মটি টিকা কেন্দ্রসহ সংশ্লিষ্ট সকলের নিকট সহজলভ্য করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৫/৩/২৩

মোঃ মাহমুদুল হোসাইন খান
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ